পসরা সরবরাহের জন্য C & A -এর আচরণবিধি

মনে রাখবেন: এটা একটি ইংরাজি রচনার অনুবাদ। আদি ইংরাজি সংস্করণ হল আইনত বাধ্যতামূলক দলিল।

ভূমিকা

C & A-এর ব্যবসায়িক নমুনা হল ন্যায্য দামে উত্কৃষ্ট ফ্যাশন পণ্য প্রদান করা। আমরা দীর্ঘসময়ের জন্য তা করতে দায়বদ্ধ, মানুষ ও পরিবেশের ক্ষতি না করে, এবং ব্যবসায়িক সততার উচ্চ নিরিখ পালন করে। আমরা প্রবলভাবে বিশ্বাস করি শুধুমাত্র এই উপায়ে C & Aএবং তাদের যোগানদাররা দীর্ঘমেয়াদে সফল হতে থাকবে।

পসরা সরবরাহের জন্য আচরণবিধি ('আচরণবিধি') আইনী মান্যতা, শ্রম প্রথা, পরিবেশগত সম্পাদন এবং দুর্নীতিবিরোধী বিষয়ে C & A, যোগানদারদের কাছ থেকে কী প্রত্যাশা করে তার বর্ণনা দেয়। অন্য বিষয়ের প্রত্যাশাগুলি, যেমন গুণমানের নিরিখ, পণ্যের নিরিখ, এবং ডেলিভারি নির্দেশ, অন্য নীতি ও নির্দেশিকায় বলা হয়েছে। *আচরণবিধির আবশ্যিক শর্তগুলি* সাপোর্টিং গাইডলাইন্স টু দ্য কোড অফ কনডাক্ট-এ (*আচরণবিধির সমর্থনসূচক নির্দেশিকায়) আরও ভালভাবে ব্যাখ্যা করা হয়েছে।*

আবশ্যিক শর্তগুলি C & A[1]- এর জন্য পসরা উত্পাদনকারী সকল যোগানদারের ক্ষেত্রে প্রযোজ্য। এটা মনে রাখা জরুরি আচরণবিধিতে উল্লেখিত শর্তগুলি হল ন্যূনতম নিরিখ, সর্বোচ্চ নয়। C & A প্রত্যাশা করে যোগানদাররা কাজ করার পরিস্থিতি এবং পরিবেশগত সম্পাদনের ধারাবাহিক উন্নতি করে যাবেন।

আবশ্যিক শর্তগুলি

UN গ্লোবাল কম্প্যাক্ট-এর দশটি নীতি C & A মেনে চলে। C & A আশা করে উত্পাদনকারীরা দায়িত্বের সাথে তাদের কাজ করবেন, এবং মানুষ ও পরিবেশ সুরক্ষিত রাখার সবরকম চেষ্টা করবেন। নিম্নলিখিত সারণীতে আচরণবিধির শর্তগুলির একটি সারাংশ দেওয়া হয়েছে।

		আবশ্যিক শর্তগুলির সারাংশ
1.	আইনী মান্যতা	সর্বদা জাতীয় ও অন্য প্রযোজ্য আইন মেনে চলা হবে মননশীল সম্পত্তির অধিকারকে শ্রদ্ধা করা হবে
2.	শ্রম	শিশুশ্রম থাকবে না নিয়োগে প্রভেদ থাকবে না বাধ্যতামূলক শ্রম থাকবে না সমিতির স্বাধীনতা এবং সম্মিলিত আপস-আলোচনাকে শ্রদ্ধা করা হবে নির্মম বা অমানবিক ব্যবহার করা হবে না একটি নিরাপদ ও স্বাস্থ্যকর কাজের পরিবেশ থাকবে অসহায় দলগুলির জন্য বিশেষ বিবেচনা করা হবে

[1] উত্পাদন ইউনিট, শাখা সংস্থা, যুক্ত সংগঠন এবং প্রতিনিধিরা সমেত। আবশ্যিক শর্তগুলি কেবল C&A-এর উত্পাদনের জন্য প্রযোজ্য নয়, কোনও তৃতীয় পক্ষের উত্পাদনের ক্ষেত্রেও তা প্রযোজ্য।

C&A

		স্থায়ী চাকরি দেওয়া হবে সময়মত জীবনযাপনের বেতন দেওয়া হবে অতিরিক্ত সময় কাজ করনো হবে না
3.	**পরিবেশ**	আইনী আবশ্যিক শর্তগুলি পালন করা হবে পরিবেশগত সম্পাদনের পরিচালন করা হবে শক্তি এবং জল/পানির কার্যকারিতা বাড়ানো হবে পরিবেশে বর্জ্য পদার্থ ও নির্গমনের পরিমাণ কমানো হবে সরবরাহ ধারায় বিপজ্জনক রাসায়নিক পদার্থের পরিমাণ কমানো হবে
4.	**দুর্নীতিবিরোধী**	• ঘুষ লেনদেন হবে না এবং দুর্নীতি থাকবে না

1. আইনী মান্যতা

- যোগানদারদের অবশ্যই জাতীয় এবং অন্য প্রযোজ্য আইন সর্বদা মানতে হবে।
- যেখানে আইনের এবং আচরণবিধির শর্তগুলি একই বিষয়ে থাকে সেখানে যোগানদারদের অবশ্যই সেই শর্ত প্রয়োগ করতে হবে যা কর্মীদের বা পরিবেশকে বেশি সুরক্ষা দেবে।
- যোগানদারদের অবশ্যই মননশীল সম্পত্তির অধিকার শ্রদ্ধা করা, এবং অবৈধ প্রতিলিপি যাতে দেওয়া না হয় বা তৈরি করা হয় তা নিশ্চিত করতে হবে।

2. শ্রম

এই বিভাগে আবশ্যিক শর্তগুলি ইন্টারন্যাশনাল লেবার অর্গানাইজেশন, গ্লোবাল সোশ্যাল কমপ্ল্যায়েন্স প্রোগ্রাম, এবং এথিক্যাল ট্রেড ইনিশিয়েটিভ বেস কোড-এর নিরিখ ভিত্তিক।

C & A মানবাধিকারকে মর্যাদা দেয় এবং মানবাধিকার অপব্যবহারের যোগসাজস এড়াতে চায়। C & A আশা করে যোগানদাররা কর্মীদের মানবাধিকারকে মর্যাদা দেবেন এবং এই বিভাগের আবশ্যিক শর্তগুলি মেনে চলবেন।

2.1 শিশু শ্রম

- কর্মীদের বয়স অন্তত 16 বছর হতে হবে, বা স্থানীয় আইনের শর্ত অনুযায়ী তার বেশি হতে হবে, যেমন বাধ্যতামূলক শিক্ষার জন্য প্রবিধান থাকা।
- যে কর্মীরা বিপজ্জনক কাজ করছেন বা রাতে কাজ করছেন তাদের বয়স অন্তত 18 বছর হতে হবে।

2.2 প্রভেদ

- যোগানদাররা অবশ্যই চাকরিতে প্রভেদ করবেন না, এবং তা সমর্থন বা সহ্য করবেন না[2]।
- কর্মীদের মধ্যে পার্থক্য করার মূল ভিত্তি হবে কাজ করার যোগ্যতা এবং ইচ্ছা থাকা, ব্যক্তিগত বৈশিষ্ট্যগুলির বদলে[3]।

2.3 বাধ্যতামূলক শ্রম

---

[2] নিয়োগ করা, লোক নেওয়া, প্রশিক্ষণ, কাজ করার পরিস্থিতি, কাজ দেওয়া, ক্ষতিপূরণ, পদন্নোতি, শৃঙ্খলা, অবসান এবং অবসরগ্রহণ সমেত।

[3] ঐ ধরনের ব্যক্তিগত বৈশিষ্ট্যগুলি সমেত কিন্তু সীমিত নয়: লিঙ্গ, বয়স, ধর্ম, বৈবাহিক স্থিতি, জাতি, জাত, সামাজিক পটভূমিকা, অসুখ, অক্ষমতা, গর্ভাবস্থা, জাতিগত ও জাতীয় পরিচয়, জাতিয়তা, কর্মী সংগঠনে সদস্যতা যেমন ট্রেড ইউনিয়ন, রাজনৈতিক অন্তর্ভুক্তি, এবং যৌন মনোভাব।

- কর্মীরা অবশ্যই সেচ্ছায় তাদের কাজ করবেন, যার অর্থ সবরকমের বাধ্যতামূলক শ্রম নিষিদ্ধ, যেমন কেনা গোলাম, চুক্তিবদ্ধ এবং কারাগারের শ্রমিকরা ।
- যোগানদাররা অবশ্যই চাকরি পছন্দ করার ক্ষেত্রে বাধা দেবেন না, টাকা জমা দিতে হবে বলে, পরিচয়পত্র বা বেতন আটকে রেখে।
- যোগানদাররা অবশ্যই যুক্তিসংগত নোটিস দেবার পর কর্মীদের তাদের চাকরির চুক্তি সমাপ্ত করতে দেবেন।

2.4 *সমিতি করার স্বাধীনতা*

- যোগানদার অবশ্যই কর্মী প্রতিনিধিত্বের প্রতি মুক্ত এবং সহযোগি মনোভাব রাখবেন, কর্মীদের ট্রেড ইউনিয়ন গড়তে বা তাদের পছন্দের ট্রেড ইউনিয়নে যোগ দিতে এবং সম্মিলিতভাবে আপস-আলোচনা করতে দেবেন।
- যোগানদারদের কর্মী প্রতিনিধিদের অবশ্যই কর্মস্থানে আসতে দিতে হবে যাতে তারা তাদের প্রতিনিধিত্বের কাজগুলি করতে পারেন।
- যেখানে আইন সমিতি গড়ার স্বাধীনতার অধিকার এবং সম্মিলিত আপস-আলোচনা নিষিদ্ধ করে, সেখানে যোগানদাররা অবশ্যই কর্মীদের অবাধে বিকল্প কর্মী প্রতিনিধিত্ব এবং আপস-আলোচনা প্রতিষ্ঠা করতে দেবেন।
- অভ্যন্তরীণ শিল্পজাত বিবাদ এবং কর্মচারীদের অভিযোগগুলি দূর করার জন্য যোগানদানদের অবশ্যই কার্যকরী অভিযোগ ব্যবস্থা রাখতে হবে।

2.5 *নির্মম ও অমানবিক ব্যবহার*

- যোগানদাররা কর্মীদের সম্মান ও মর্যাদা দেবেন, এবং ষন্ডামি, হয়রানি[4], ভয় দেখানো, হিংসা, শারীরিক শাস্তি বা যে কোনও রকমের অপব্যবহারে জড়িত হবেন না বা তা সহ্য করবেন না।[5]
- যোগানদাররা অবশ্যই লিখিত শাস্তিমূলক পদ্ধতি প্রতিষ্ঠা করবেন, কর্মীদের স্পষ্ঠভাবে তা বুঝিয়ে দেবেন এবং সকল শাস্তিমূলক প্রক্রিয়ার নথি রাখবেন।
- যোগানদাররা অবশ্যই শাস্তিমূলক ব্যবস্থা আনুপাতিক রাখবেন, এবং শারীরিক বা মানসিক শাস্তি দেবেন না।

2.6 *স্বাস্থ্য ও নিরাপত্তা*

- যোগানদাররা অবশ্যই একটি নিরাপদ ও স্বাস্থ্যসম্মত কাজের জায়গা দেবেন, যেখানে যথেষ্ট আলো, হিটিং এবং বায়ুচলাচল থাকবে।
- যোগানদাররা অবশ্যই সাবধানতা অবলম্বন করবেন দুর্ঘটনা এবং শারীরিক জখম নিবারণ করার জন্য যেগুলি কাজ করার সময়ে ঘটে, নিরাপদে রাসায়নিক পদার্থ নাড়াচাড়া এবং মজুত করা, যন্ত্রপাতি ও সরঞ্জামের নিরাপত্তা, বৈদ্যুতিক নিরাপত্তা, ভবনগুলির নিরাপত্তা, মজবুতি এবং স্থিরতা নিশ্চিত করবেন, থাকার জায়গাসহ, যেখানে দেওয়া হয়, এবং আগুন না লাগার জন্য যথেষ্ট সুরক্ষাকারী ব্যবস্থা রাখবেন।
- যোগানদাররা কর্মীদের অবশ্যই নিয়মিত স্বাস্থ্য ও নিরাপত্তার প্রশিক্ষণ দেবেন, যেমন অগ্নি নিরাপত্তা প্রশিক্ষণ, বর্জ্য ব্যবস্থাপনায় এবং রাসায়নিক পদার্থ ও অন্য বিপজ্জনক জিনিসপত্র ব্যবহার করা বিষয়ক প্রশিক্ষণ।

---

[4] যৌন হয়রানি সমেত।

- যোগানদাররা অবশ্যই পরিষ্কার টয়লেটের, পানীয় জলের সুবিধা দেবেন এবং প্রযোজ্য হলে, প্রয়ঃপ্রণালী সুবিধা দেবেন খাবার তৈরি করা এবং মজুত রাখার জন্য।
- যেখানে ডরমিটারি দেওয়া হয়, সেগুলি অবশ্যই পরিচ্ছন্ন, নিরাপদ থাকবে এবং কর্মীদের মৌলিক প্রয়োজনগুলি মেটাবে।

2.7 অসহায়দের সুরক্ষিত রাখা

- যোগানদাররা অবশ্যই বিশেষ নজর দেবেন তাদের অধিকারের উপর যারা অপব্যবহারমূলক শ্রম প্রথায় সর্বাধিক অসহায় যেমন মহিলারা, গৃহ কর্মীরা, সংস্থার কর্মীরা, অস্থায়ী কর্মীরা এবং পরিযায়ী কর্মীরা।
- যে যোগানদাররা গৃহকর্মী নিয়োগ করেন তারা অবশ্যই *C & A*-এর গাইডলাইন্স ফর দ্য ইউজ অফ হোম ওয়ার্কার্স মেনে চলবেন যেটা আচরণবিধির সহায়ক নির্দেশিকায় অন্তর্ভুক্ত আছে।

2.8 স্থায়ী চাকরি

- যোগানদাররা অবশ্যই স্বীকৃত নিযুক্তি সম্পর্কের ভিত্তিতে কর্মীদের সাথে কাজ করবেন যা জাতীয় আইন ও প্রথার মাধ্যমে প্রতিষ্ঠা করা হয়েছে।
- যোগানদাররা অবশ্যই উক্ত সম্পর্কের মাধ্যমে আসা আইনী দায় এড়াবার চেষ্টা করবেন না[6]

2.9 বেতন/মজুরি

- যোগানদাররা কর্মীদের অবশ্যই বেতন, ওভারটাইমের টাকা, সুযোগসুবিধা এবং মাইনে দেওয়া ছুটি দেবেন যা বৈধ ন্যূনতম এবং/অথবা শিল্পের মাপকাঠির সমান বা তার বেশি, এরমধ্যে যেটা বেশি হবে।
- যোগানদাররা কর্মীদের অবশ্যই ওভারটাইমের টাকা বেশি হারে দেবেন, যা নিয়মিত বেতনের 125% -এর কম হবে না, বা তার বেশি হবে আইন অনুযায়ী।
- বেতন এবং ক্ষতিপূরণ[7] অবশ্যই নিয়মিত এবং সময়মত দিতে হবে, যা মৌলিক প্রয়োজনগুলি মেটানোর জন্য যথেষ্ট হতে হবে এবং কর্মী ও তাদের পরিবাররা কিছু ইচ্ছাধীন আয় পাবেন।
- যোগানদাররা অবশ্যই বেতন থেকে কোনও টাকা কাটবেন না যেগুলি জাতীয় আইনের দ্বারা অনুমোদিত নয় বা শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে।
- যোগানদাররা অবশ্যই চাকরি শুরু করার পূর্বে কর্মীদের চাকরির পরিস্থিতির বিষয়ে লিখিত এবং অনুধাবনযোগ্য তথ্য দেবেন, বেতন সমেত, এবং প্রতিবার যখন তাদের বেতন দেওয়া হবে তার বিবরণের বিষয়ে তথ্য দেবেন।

2.10 কাজের সময়

---

5 শারীরিক, মানসিক এবং মৌখিক অপব্যবহার সমেত।

6 যেমন, অনুপযুক্তভাবে প্রয়োগ করা শিক্ষনবিসী স্কিমের মাধ্যমে অথবা নির্ধারিত মেয়াদের চুক্তির অত্যাধিক ব্যবহারের মাধ্যমে।

7 প্রচলিত কাজের সময়ের জন্য, যথা ওভারটাইম ছাড়া।

- যোগানদাররা অবশ্যই চুক্তি অনুযায়ী প্রচলিত কাজের সময়ের বর্ণনা দেবেন, যে সংখ্যা জাতীয় আইন বা সম্মিলিত চুক্তি অনুযায়ী হবে, যা হল ওভারটাইম বাদ দিয়ে সপ্তাহে 48 ঘন্টা পর্যন্ত।
- যোগানদাররা অবশ্যই দায়িত্ব সহকারে ওভারটাইমের কাজ ব্যবহার করবেন, নিয়মিত ভিত্তিতে ওভারটাইম কাজ করার জন্য অনুরোধ করবেন না, এবং স্বীকার করবেন ওভারটাইম হল ঐচ্ছিক, তাই ওভারটাইম কাজ করার জন্য কর্মীদের জবরদস্তি করবেন না।
- কাজের সময় যে কোনও সাত দিনের পর্বে 60 ঘন্টার বেশি হবে না, প্রকৃত বিরল এবং অপ্রত্যাশিত পরিস্থিতির ক্ষেত্র ছাড়া[8]।
- যোগানদাররা অবশ্যই কর্মীদের কাজের মধ্যে বিরতি নিতে দেবেন, প্রতি সাত দিনের মধ্যে অন্তত এক দিন ছুটি দেবেন[9], এবং বিধিবদ্ধ ছুটিগুলি নিতে দেবেন।

3. পরিবেশ

C & A বিশ্বাস করে একটি শিল্প হিসাবে ভাল পরিবেশগত সম্পাদন হল ভবিষ্যত্ সাফল্যের একটি পূর্বশর্ত। সুতরাং কিছু কাল পরে, C & A প্রত্যাশা করে যোগানদাররা মান্যতার বাইরে সক্রিয়ভাবে পরিবেশগত সম্পাদন সামলাবেন। C & A যোগানদারদের সাথে নিবিড়ভাবে কাজ করবে যাতে তারা পালন করতে পারেন, যেখানে প্রয়োজন হবে।

3.1 *আইনী মান্যতা*

- যোগানদাররা অবশ্যই সকল প্রাসঙ্গিক স্থানীয় এবং জাতীয় পরিবেশগত সুরক্ষা আইন ও প্রবিধানগুলি মেনে চলবেন, এবং আন্তর্জাতিক পরিবেশগত সুরক্ষার নিরিখ পূরণ করতে চেষ্টা করবেন।
- যোগানদাররা অবশ্যই সকল প্রয়োজনীয় পরিবেশগত অনুমিতপত্র সংগ্রহ করবেন এবং সেগুলিকে সাম্প্রতিক রাখবেন।

3.2 *পরিবেশগত সম্পাদন পরিচালন*

- যোগানদাররা অবশ্যই একটি পরিবেশগত পরিচালন ব্যবস্থা[10] রাখবেন, এবং পরিবেশগত সম্পাদনের দাতিত্ব উচ্চ শ্রেণীর কর্তৃপক্ষের একজন প্রতিনিধিকে দেবেন।
- যে পরিমাণ শক্তি ও জল ব্যবহার হয়, পরিবেশে যত নির্গমন ও নির্গলন করা হয়, যোগানদারদের অবশ্যই তা মাপতে হবে, এবং বর্জ্য নিষ্পত্তি করতে হবে, আর সেই তথ্য C & A-কে জানাতে হবে, অনুরোধ করা হলে।

---

8 শুধু যদি নিম্নলিখিত শর্তগুলি পূরণ করা হয়: 1) জাতীয় আইনের দ্বারা অনুমোদিত, 2) সম্মিলিত চুক্তির দ্বারা অনুমোদিত এবং 3) কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তা সুরক্ষা করার জন্য রক্ষাকারী ব্যবস্থা নেওয়া।

9 অথবা প্রতি 14 দিনে দুই দিন ছুটি থাকা, যেখানে জাতীয় আইন তা অনুমোদন করে।

10 একটি পরিবেশগত পরিচালন ব্যবস্থা হল অনেকগুলি লিখিত নীতি, পরিকল্পনার উপায় এবং পদ্ধতি, পরিবেশগত সম্পাদন মাপা, পরিচালন করা এবং জানানোর জন্য।

11 CITES এবং IUCN বিপন্ন তালিকায় যেমন বর্ণিত আছে।

C&A

- যোগানদাররা অবশ্যই পরিবেশগত প্রভাব ব্যবসায়িক সিদ্ধান্তে অন্তর্ভুক্ত করবেন, পরিবেশগত সম্পাদন ভাল করার জন্য একটি প্রগতিশীল পদক্ষেপ নেবেন, এবং তাদের যোগানদার ও উপঠিকাদারদেরও তাই করতে বলবেন।

3.3 *রসদের ব্যবহার ও জলবায়ুর পরিবর্তন*

- যোগানদাররা অবশ্যই ভবন, পরিবহন ও উত্পাদনে শক্তির কার্যকারিতা ধারাবাহিকভাবে ভাল করার জন্য পদক্ষেপ নেবেন এবং নবীকরণযোগ্য বা কম কার্বন থাকা শক্তির উত্স ব্যবহার করার জন্য যুক্তিসংগত প্রয়াস করবেন।
- যে যোগানদারদের জলভিত্তিক কার্যপ্রণালী আছে তাদের জলের কার্যকারিতা বাড়ানোর জন্য ধারাবাহিকভাবে ব্যবস্থা নিতে হবে।
- যোগানদাররা অবশ্যই যুক্তিসংগত প্রয়াস করবেন যাতে তাদের ক্রয় করার সিদ্ধান্ত অরণ্যবিনাশ না করে, জীবজন্তুর উপর নিষ্ঠুর ব্যবহার না করা হয় অথবা দুর্বল ইকোসিস্টেম (বাস্তুসংস্থানতত্ত্ব) বা বিপন্ন প্রাণীদের উপর প্রতিকূল প্রভাব না পড়ে[11]।

3.4 *বর্জ্য ও নির্গমন*

- যোগানদাররা অবশ্যই বর্জ্য কমানোর জন্য ডিজাইন ও ক্রিয়াকলাপ দক্ষতা এবং পুনর্ব্যবহার ও রিসাইকেল করার মাধ্যমে ব্যবস্থা নেবেন, যেখানে সম্ভব হবে।
- যোগানদাররা অবশ্যই নির্গমন করার পূর্বে বর্জ্য জল যথাযথভাবে শোধন করবেন, জাতীয় এবং স্থানীয় জল নির্গমন মান্যতা নিরিখ পূরণ করে বর্জ্য জল পরীক্ষা করবেন, এবং C & A অনুরোধ করলে, বর্জ্য জলের মানসংক্রান্ত তথ্য শরিকদের জানাবেন।
- যোগানদাররা অবশ্যই বাতাস, জমি এবং ভূগর্ভের জলের উপর শব্দদূষণ ও নিগর্মন যত্সামান্য রাখার জন্য ব্যবস্থা নেবেন।

3.5 *বিপজ্জনক রাসায়নিক পদার্থ*

- সরবরাহ ধারা থেকে বিপজ্জনক পদার্থ দূর করার জন্য যোগানদাররা অবশ্যই C & A ও নিজেদের যোগানদারদের সাথে কাজ করবেন।

4. দুর্নীতি- বিরোধী

C & A প্রত্যাশা করে যোগানদাররা ব্যবসায়িক প্রথায় উচ্চ নৈতিক নিরিখ অবলম্বন করবেন।

- যোগানদাররা অবশ্যই সকল প্রযোজ্য ঘুষ ও দুর্নীতি বিরোধী আইনগুলি মানবেন।
- যোগানদাররা অবশ্যই ঘুষ দেবেন না বা নেবেন না, অসুবিধাহরণ করার জন্য টাকা দেওয়া সহ।
- যোগানদাররা অবশ্যই একটি দুর্নীতি বিরোধী নীতি ও কার্যপ্রণালী রাখবেন, এবং সেগুলি দক্ষভাবে চলছে নিশ্চিত করার জন্য নিয়মিত সেগুলির পুনর্বিচার করবেন।

আচরণবিধির প্রতি আনুগত্য থাকা নিশ্চিত করা

C & A জানে আচরণবিধির শর্তগুলি পুরোপুরি মানা কঠিন হতে পারে, কিন্তু বিশ্বাস করে C & A ও তার যোগানদারদের ভবিষ্যত্ বাণিজ্যিক সাফল্যের জন্য এটা গুরুত্বপূর্ণ। আমাদের গুণের নিরিখ বা ডেলিভারি শর্ত পূরণ করার থেকে, আচরণবিধি মেনে চলা কম জরুরি নয়। C & A সেই সব যোগানদারদের সাথে কাজ করবে যারা অকপট, সত্ এবং ধারাবাহিক উন্নতির জন্য দায়বদ্ধ, এবং তাদের সহায়তা দেবে শর্তগুলি পালন করার জন্য।

1. সম্পাদন নির্বাহ করা

* সক্রিয়ভাবে আচরণবিধি পালন করার জন্য যোগানদারদের অবশ্যই একটি দক্ষ পরিচালন ব্যবস্থা থাকতে হবে, এবং মান্যতার দায়িত্ব উচ্চ শ্রেণীর কর্তৃপক্ষের একজন প্রতিনিধিকে দিতে হবে।
* যোগানদাররা অবশ্যই কর্মীদের আচরণবিধির শর্তগুলি জানাবেন এবং তা অর্জন করার উদ্দেশ্যে তাদের ব্যবস্থাপক ও তত্ত্বাবধায়কদের প্রশিক্ষণ দেবেন।
* যোগানদাররা অবশ্যই নিয়মিত ভিত্তিতে অভ্যন্তরীণ মূল্যায়ন পরিচালনা করবেন।
* উত্পাদন শুরু করার পূর্বে যোগানদাররা অবশ্যই সকল উত্পাদন ইউনিটগুলির জন্য C & A-এর অনুমোদন নেবেন, ইউনিটগুলি নিজস্ব বা ঠিকাদার যারই হোক না কেন। একটি অনুনমোদিত উত্পাদন ইউনিটকে ব্যবহার করা কঠোরভাবে নিষিদ্ধ।
* যোগানদাররা C & A-এর কাছ থেকে লিখিত অনুমতি না নিয়ে উত্পাদন প্রণালীর কোনও অংশ উপঠিকাদারকে দিতে পারবেন না, এবং শুধু সেই ক্ষেত্রে পারবেন a) উপঠিকাদারটি আচরণবিধি মানতে রাজি আছেন, এবং b) একটি নিরীক্ষণে উত্তীর্ণ হয়েছেন।
* উপঠিকাদারদের আচরণবিধি মানা নিশ্চিত করার দায়িত্ব যোগানদারদের।

2. তদারকি ও স্বচ্ছতা

* যোগানদারদের অবশ্যই C & A এবং/অথবা তার প্রতিনিধিদের মূল্যায়ন করতে দিতে হবে, ঘোষিত বা অঘোষিত যেমনই হক।
* যোগানদারদের অবশ্যই একটি মূল্যায়নের সময়ে সহযোগিতা করতে হবে এবং স্বচ্ছ থাকতে হবে, এবং কর্মী, নথিপত্র, কাজের জায়গা ও ডরমিটরিতে অবাধে দেখা করতে দিতে হবে, প্রযোজ্য হলে।
* যোগানদাররা অবশ্যই গোপন জায়গায় কর্মীদের সাক্ষাত্কার নিতে দেবেন, এবং কর্মীদের শেখাবেন না কীভাবে প্রশ্নগুলির উত্তর দিতে হবে।
* যোগানদাররা অবশ্যই পূর্ণ ও নির্ভুল নথিপত্র রাখবেন[12] যাতে দক্ষভাবে মান্যতার মূল্যায়ন করা যেতে পারে, এবং তথ্য রদবদল করবেন না বা তাদের ক্রিয়াকলাপের বিভ্রান্তিকর বর্ণনা দেবেন না।
* যোগানদাররা অবশ্যই C & A-কে যোগানদার ও উত্পাদন ইউনিটগুলির নাম ও অবস্থান, আর আচরণবিধির অধীন তাদের সম্পাদনের তথ্য তৃতীয় পক্ষদের কাছে প্রকাশ করতে দেবেন।
* C & A-এর অনুরোধে, যোগানদাররা অবশ্যই তাদের নিজেদের এবং উপঠিকাদারদের জায়গায় নিরীক্ষণ করার জন্য C & A এবং/অথবা তার প্রতিনিধিদের সাহায্য দেবেন।

3. কর্তৃপক্ষের অনুমোদন

* C & A-এর একটি গোপন হুইসিলব্লোইং ব্যবস্থা আছে যাকে বলা হয় ফেয়ারনেস চ্যানেল, যার মাধ্যমে শরিকরা, যেমন যোগানদার, কারখানার কর্মী, এবং C & A–এর কর্মচারীরা, অনৈতিক আচরণ এবং আচরণবিধি লঙ্ঘন C & A-এর শীর্ষ কর্তৃপক্ষের কাছে জানাতে পারবেন।
* আচরণবিধি লঙ্ঘন করা হলে, C & A যোগানদারকে একটি উন্নতি করার পরিকল্পনা করতে বলবে, প্রয়োজন হলে C&A–এর সহায়তায়, এবং নির্দিষ্ট সময়ের মধ্যে তা নির্বাহ করতে হবে, যা আলাদা হতে পারে লঙ্ঘনের ধরনের ভিত্তিতে।

- শোচণীয় লঙঘনের ক্ষেত্রে, সমেত কিন্তু সীমিত নয়, শিশুশ্রম, বাধ্যতামূলক বা কারাগারের শ্রম, ঘুষ লেনদেন, জালিয়াতি, জাল, উপাদানের ব্যবহার, এবং অনুনমোদিত উত্পাদন ইউনিট ব্যবহারের ক্ষেত্রে, এবং /অথবা রাজি হওয়া উন্নতির পরিকল্পনা নির্বাহ করতে ধারাবাহিকভাবে ব্যর্থ হলে C & A যোগানদারের সাথে ব্যবসায়িক সম্পর্ক সমাপ্ত করার অধিকার সংরক্ষিত রাখে, বকেয়া অর্ডার বাতিল করা সহ।
- C & A যোগানদারদের দায়ী করবে কোনওরকম ক্ষতি বা C & A-এর ব্যয়ের জন্য, যেমন আয় এবং /অথবা লাভ কমে যাওয়া, যা যোগানদারের দ্বারা আচরণবিধি লঙঘনের দরুণ হতে পারে, তাদের উপঠিকাদার (রা) সমেত।

C & A যোগানদারদের সাথে দীর্ঘমেয়াদি সম্পর্ক গড়তে চায় যারা প্রকৃতপক্ষে উন্নত শ্রম পরিস্থিতি এবং পরিবেশগত সম্পাদনের জন্য একত্রে কাজ করার জন্য দায়বদ্ধ, এবং তারা যে অসুবিধাগুলির সম্মুখীন সেগুলি দূর করতে তাদের সাহায্য করবে। আচরণবিধি রূপায়ণের ব্যাপারে অতিরিক্ত স্পষ্টকরণ ও নির্দেশের জন্য, অনুগ্রহ করে সাপোর্টিং গাইডলাইন্স টু দ্য কোড অফ কনডাক্ট দেখুন, যেটা নিয়মিত সাম্প্রতিক করা হবে।

---

12 যেমন, কাজের সময়ের নথিপত্র এবং বেতনসংক্রান্ত দলিলপত্র।